ডিবি ও গাংনী থানার ওসি,র পুরুস্কার লাভ

আদালতের পরোয়ানাভূক্ত আসামি গ্রেফতার, মাদক উদ্ধার ও নিয়মিত মামলার আসামি গ্রেফতারে সাফল্য’র জন্য অক্টোবার মাসের সেরা ও ৮ম বারের মত জেলার চৌকস ওসি নির্বাচিত হয়েছেন গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক ও জেলা গোয়েন্দ পুলিশ (ডিবি) ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সাইফুল আলম, চৌকস অফিসার নির্বাচিত হয়েছেন গাংনী থানার উপপরিদর্শক (এসআই) মাসুদুর রহমান, এস আই আব্দুর রাজ্জাক, এসআই আশিক, সদর থানার এএসআই শাকিল খান।

সোমবার (২৮ নভেম্বর) বেলা ১১ টার দিকে মেহেরপুর পুলিশ লাইন ড্রিল সেটে পুলিশের কল্যান সভায় আনুষ্ঠানিকভাবে স্বীকৃতি সরুপ নগদ টাকা ও ক্রেষ্ট প্রদান করা হয়।

মেহেরপুর জেলা পুলিশ সুপার (এসপি) মো: রাফিউল আলম আনুষ্ঠানিক ভাবে পুরস্কার ও নগদ অর্থ তুলে দেন।

এসময় অতিরিক্ত পুলিশ সুপার (প্রশাসন) জামিরুল ইসলাম, অতিরিক্ত পুলিশ সুপার সার্কেল অপু সরোয়ার,সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) রফিকুল ইসলাম, গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক, মুজিবনগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মেহেদী রাসেলসহ পুলিশের উর্ধতন কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

গাংনীতে অফিসের তালা ভেঙ্গে সরকারি নথি চুরির দায়ে একজন

আটক

মেহেরপুরের গাংনী উপজেলা সমাজ সেবা অফিসের তালা ভেঙ্গে সরকারি নথিপত্র চুরির অপরাধে শান্ত মিয়া-(৩০) নামের এক ব্যাক্তিকে আটক করেছে আনসার সদস্যরা। আজ সোমবার দুপুরে নথিপত্র চুরি করে নিয়ে যাওয়ার সময় হাতেনাতে তাকে আটক করা হয় ।

এসময় তার কাছ থেকে বয়স্ক বিধবা ও প্রতিবন্ধী ভাতার অনেক পাশবহি ও বিভিন্ন কাগজ পত্র জব্দ করা হয়। আটক শান্ত গাংনী পৌর এলাকার ৮ নম্বর ওয়ার্ডের কলেজ পাড়ার আব্দুল কালাম আজাদের ছেলে। আটকের বিষয়টি নিশ্চিত করেছেন গাংনী উপজেলা নির্বাহী অফিসার মৌসুমী খানম।

গাংনী উপজেলা সমাজ সেবা কর্মকর্তা আরশাদ আলী জানান, সরকারি ই-সেবা চালু হওয়ার পর অনেক কাগুজে নথিপত্র ও পাশবহি বস্তা বন্দি করে রাখা হয়েছিল। সেই নথিপত্র ও বহি উপজেলা পরিষদ চত্বরে একটি কক্ষে রাখা হয়েছিল। সেগুলি তালা ভেঙ্গে চুরি করে নিয়ে যাচ্ছিল শান্ত নামের এক যুবক। উপজেলা পরিষদ চত্বরে দায়িত্বরত আনসার সদস্যরা তাকে আটক করে। পরে উপজেলা নির্বাহী অফিসারের নিকট হস্তান্তর করা হয়েছে।

উপজেলা নির্বাহী অফিসার মৌসুমী খানম জানান, তালা ভঙ্গে নথিপত্র চুরির ঘটনায় জড়িত শান্তকে গাংনী থানা পুলিশের কাছে হস্তান্তর করা হয়েছে। পুলিশ আইনানুগ ব্যবস্থা নেবেন।

গাংনী থানার অফিসার ইনচার্জ (ওসি) আব্দুর রাজ্জাক জানান, শান্ত নামের এক যুবক আটক রয়েছে। তার বিরুদ্ধে সরকারি অফিসে তালা ভেঙ্গে কাগজপত্র চুরির অপরাধে নিয়োমিত মামলা দিয়ে আদালতে প্রেরণ করা হবে।

গাংনীতে আইন সহায়তা কমিটির দ্বি-মাসিক সভা অনুষ্ঠিত

মেহেরপুরের গাংনীতে উপজেলা আইন সহায়তা কমিটির উদ্যোগ দ্বি-মাসিক সভা করেছে উপজেলা আইন সহায়তা কমিটি।

সোমবার সকালে গাংনী উপজেলা নির্বাহী অফিসারের সম্মেলন কক্ষে আয়োজিত আইন সহায়তা মুলক সভায় সভাপত্বি করেন উপজেলা নির্বাহী অফিসার মৌসুমী খানম।

এসময় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা চেয়ারম্যান এমএ খালেক। বিশেষ অতিথি ছিলেন পৌর মেয়র আহম্মেদ আলী।

জেলা লিগ্যাল এইড কমিপির আয়োজিত অনুষ্ঠানে বক্তব্য রাখেন, উপজেলা কৃষি কর্মকর্তা কৃষিবিদ লাভলী খাতুন,কাথুলী ইউপি চেয়ারম্যান মিজানুর রহমান রানা,মটমুড়া ইউপি চেয়ারম্যান সোহেল আহমেদ,রাইপুর ইউপি চেয়ারম্যান গোলাম সাকলায়েন সেপু,বামুন্দি ইউপি চেয়ারম্যান ওবাইদুর রহমান কমল,ধানখোলা ইউপি চেয়ারম্যান আব্দুর রাজ্জাক, জেলা লিগাল এইড প্রতিনিধিসহ বিভিন্ন দপ্তরের কর্মকর্তাবৃন্দরা উপস্থিত ছিলেন।

গাংনীতে র্যাবের অভিযানে চোলাই মদসহ যুবক আটক

২৫ লিটার চোলাই মদসহ উজ্জ্বল হোসেন (৩০) নামের এক যুবককে আটক করেছে সিপিসি র্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন (র্যাব-১২) গাংনী কাম্পের সদস্যরা।

উজ্জ্বল হোসেন মহম্মদপুর গ্রামের পূর্বপাড়ার হাফিজুল ইসলামের ছেলে।

শনিবার (২৬ নভেম্বর) দিবাগত মধ্যরাতে গাংনী উপজেলার মহম্মদপুর

গ্রামে অভিযান চালিয়ে ২৫ লিটার চোলাই মদসহ উজ্জল হোসেনকে আটক করা হয়।

সিপিসি-মেহেরপুর র্যাব-১২ সিনিয়র সহকারী পুলিশ সুপার কমান্ডার, মোহাম্মদ আবুল কালাম আজাদ এ তথ্য নিশ্চিত করেছেন।

প্রেসবিজ্ঞপ্তিতে বলা হয়েছে, গোপন সংবাদের ভিত্তিতে র্যাব-১২ এর গাংনী ক্যাম্পের সদস্যরা মোহাম্মদপুর গ্রামের পূর্বপাড়ার হাফিজুল ইসলামের বাড়িতে তার বাড়িতে অভিযান চালায়। দোচালা টিনের ঘরের ভিতর থেকে ২টি সাদা প্লাস্টিকের কন্টেনারে ২৫ লিটার দেশীয় তৈরি চোলাই মদসহ উজ্জ্বল হোসেনকে আটক করেন। এ বিষয়ে ২০১৮ সনের মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনের ৩৬ (১) সারণির ৩২(ক) ধারায় একটি মামলার করে উজ্জল হোসেনকে পুলিশে হস্তান্তর করা হয়েছে।

মেহেরপুরে মিথ্যা মামলা করায় বাদীকে কারাদণ্ড এবং জরিমানা

মিথ্যা ও হয়রানি মূলক মামলা দায়ের করায় বাদীকে এক মাস বিনাশ্রম কারাদণ্ড এবং ১ হাজার টাকা জরিমানা অনাদায়ে আরো ৭ দিনের কারাদণ্ডের আদেশ প্রদান করেছেন মেহেরপুরের সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট-১ম আদালত।

আজ রবিবার (২৭ নভেম্বর) মেহেরপুরের সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট এস, এম, শরিয়ত উল্লাহ্ এর আদালত এই আদেশ প্রদান করেন। মেহেরপুরের সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট ১ম আদালটের বেঞ্চ মো: জাহাঙ্গীর আলম এ তথ্য নিশ্চিত করেছেন।

আদালত সূত্রে জানা যায়, আসামি মো: আব্দুল গাফফারের বিরুদ্ধে প্রতারণা, অর্থ আত্মসাৎ এবং প্রাণনাশের হুমকি প্রদানের অভিযোগে মেহেরপুরের গাংনী উপজেলাধীন বাওট গ্রামের জহির উদ্দিনের ছেলে মো. আজিজুল হকের ছেলে মো: গোলাম কিবরিয়া বাদী হয়ে তার চাচাতো ভাই মো: আব্দুল গাফফার এর বিরুদ্ধে ২০২০ সালে একটি ফৌজদারি মামলা দায়ের করেন।

আসামি মো: আব্দুল গাফফার বাদীর নিকট ১ শতক জমি বিক্রয় বাবদ ৯৫ হাজার টাকা নিলেও পরবর্তীতে জমি রেজিস্ট্রি করে দেননি বলে তিনি অভিযোগ করেন। পরবর্তীতে বাদী জমি বা টাকা ফেরত চাইলে আসামি জমি বা টাকা দেবেনা মর্মে দাবি করেন এবং প্রাণ নাশের হুমকি দেন বলে অভিযোগে আরও উল্লেখ করেন। কিন্তু বিচার শেষে আদালতের কাছে স্পষ্ট হয় যে, বাদীর অভিযোগ সম্পূর্ণ মিথ্যা ও হয়রানিমূলক।

জালিয়াতির মাধ্যমে বায়নানামা সৃষ্টি করে এবং মিথ্যা বর্ণনায় আসামিকে হয়রানের উদ্দেশ্যে মামলাটি দায়ের করা হয়েছে মর্মে আদালতের নিকট প্রমাণিত হয়। ফলে আদালত আসামী বাওট গ্রামের আব্দুর রহমানের ছেলে মো: আব্দুল গাফফারকে খালাস প্রদান করেন। একই সাথে মিথ্যা মামলা করায় বাদী মো: গোলাম কিবরিয়াকে এক মাসের কারাদণ্ড দেন।

এর পাশাপশি ১,০০০ টাকা জরিমানা অনাদায়ে আরো ৭ দিনের কারাদন্ডের রায় প্রদান করেন আদালত। ফৌজদারি কার্যবিধির ২৫০ ধারা অনুযায়ী মিথ্যা ও হয়রানিমূলক মামলা দায়ের করায় বাদীকে এই সাজা প্রদান করে কারাগারে প্রেরনের নির্দেশ দেন।

ঝিনাইদহে র্যাবের অভিযানে ‘সাঈদ হত্যা’ মামলার ২২ আসামী গ্রেপ্তার

ঝিনাইদহের শৈলকুপা উপজেলার চাঞ্চল্যকর ‘সাঈদ হত্যা’ মামলার ২২ আসামীকে গ্রেপ্তার করেছে ঝিনাইদহ র্যাব-৬ এর একটি আভিযানিক দল।

রবিবার (২৭ নভেম্বর) ঝিনাইদহ র্যাব-৬ এর এক প্রেসবিজ্ঞপ্তির মাধ্যমে জানান, ঝিনাইদহ ক্যাম্পের একটি আভিযানিক দল গোপন তথ্যের মাধ্যমে জানতে পারে, চাঞ্চল্যকর ঝিনাইদহের শৈলকুপা উপজেলার সাঈদ হত্যা মামলার পলাতক আসামীরা সদর থানা এলাকায় এবং মাগুরা জেলার সদর থানা এলাকায় অবস্থান করছে।

প্রাপ্ত সংবাদের ভিত্তিতে র্যাবের আভিযানিক দলটি রাত দেড়টার দিকে মাগুরা জেলার সদর থানাধীন বাস টার্মিনাল এলাকায় অভিযান পরিচালনা করে উক্ত হত্যা মামলার মুলহোতা শৈলকুপা উপজেলার হানিফ মন্ডল
(৪৩) ও তার সহযোগী রিয়াজ মন্ডল (২৩) কে গ্রেফতার করে এবং একই তারিখে ২টার দিকে র্যাবের পৃথক একটি অভিযানে ঝিনাইদহ জেলার সদর থানার কেন্দ্রীয় বাস টার্মিনাল এলাকায় অভিযান পরিচালনা করে একই উপজেলার আসামী রুহুল মোল্লা (৪৫), ইন্তাজ বিশ্বাস (৪০), হৃদয় বিশ্বাস(২৫), ঝন্টু বিশ্বাস(৪৮), শামীম বিশ্বাস(২৭), হাফিজ বিশ্বাস(৪০), গিয়াস বিশ্বাস(৫৫), হাসান শেখ(৪৮), সাইদুল বিশ্বাস(৫০), আমিরুল বিশ্বাস(৪৫), পলাশ বিশ্বাস(৩৫), এলাহী বিশ্বাস(৫০), আজিবার মন্ডল(৫১), রাজ্জাক মন্ডল(৪০), আনোয়ার বকস(৪২), ইমদাদ মন্ডল(৪৫), এনামুল মন্ডল(৩৮), সোহেল মন্ডল(২৮), ইদ্রিস মন্ডল(৫৫), ও সুলতান বকস((২০), কে গ্রেপ্তার করে। গ্রেপ্তারকৃত আসামীদেরকে প্রাথমিক জিজ্ঞাসাবাদে হত্যাকান্ডের সাথে সম্পৃক্ততার কথা স্বীকার করে।

উল্লেখ যে, উপজেলার উমেদপুর ইউনিয়নের দুই ইউপি সদস্যের আধিপত্য বিস্তাারকে কেন্দ্র করে পূর্ব থেকে বিরোধ চলে আসছিল। এরই প্রেক্ষিতে গত ১৪ নভেম্বর উভয়পক্ষের লোকজনের মধ্যে ধাওয়া পাল্টা ধাওয়া হয়। এর এক পর্যায়ে কফিল মেম্বারের লোকজন দেশীয় অস্ত্রশস্ত্র নিয়ে মান্নান মেম্বারের লোকজনের উপর হামলা চালিয়ে ‘সাইদ হোসেন’ নামের এক যুবককে এলোপাথাড়ীভাবে শরীরের বিভিন্নস্থানে আঘাত করে হত্যা করে।

এ বিষয়ে গত ১৭ নভেম্বর ২০২২ তারিখে শৈলকুপা থানায় ভিকটিমের ভাই মোঃ রফিজ বিশ্বাস বাদী হয়ে একটি হত্যা মামলা দায়ের করে। ঘটনাটি বিভিন্ন মিডিয়ায় ব্যাপকভাবে প্রচারিত হয় এবং জনমনে চাঞ্চল্যের সৃষ্টি করে। গ্রেপ্তারকৃত আসামীদেরকে শৈলকুপা থানায় হস্তান্তর করা হয়েছে।

মেহেরপুরে পুলিশের অভিযানে ৮ আসামি গ্রেফতার

মেহেরপুরে পুলিশের ২৪ ঘন্টার নিয়মিত অভিযানে বিভিন্ন মামলার ৮ জন আসামি গ্রেফতার হয়েছে।

এদের মধ্যে সদর থানা পুলিশের অভিযানে ৬ আসামি ও গাংনী থানা পুলিশের অভিযানে ২ জন গ্রেফতার হন। শনিবার (২৬ নভেম্বর) দুপুর থেকে আজ রবিবার (২৭ নভেম্বর) ভোররাত পর্যন্ত দুটি উপজেলার বিভিন্ন গ্রামে পুলিশের পৃথক অভিযানে এসব আসামি গ্রেফতার হন।

সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) রফিকুল ইসলাম ও গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক এসব আসামি গ্রেফতার অভিযানে নেতৃত্ব দেন। পুলিশের একাধিক টিম এই গ্রেফতার অভিযানে অংশ নেন।

গ্রেফতারকৃতদের মধ্যে সদর থানা পুলিশের অভিযানে পৃথক দুটি চুরির মামলায় ৫ জন ও মাদক মামলার ১ আসামি এবং গাংনী থানা পুলিশের অভিয়ানে ডাকাতি মামলায় ১ ও নিয়মিত মামলায় ১ জন আসামি রয়েছে।

গ্রেফতারকৃতদের আজ রবিবার (২৭ নভেম্বর) দুপুরের দিকে আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।

আলমডাঙ্গায় এক রুমে ৫ অপারেশন থিয়েটার, সিলগালা

আলমডাঙ্গার মডার্ণ ডেন্টাল সার্জারীর একই রুমে ৫টি অপারেশন থিয়েটার থাকায় অনির্দিষ্টকালের জন্য সিলগালা করেছে উপজেলা প্রশাসন। (২৬ নভেম্বর) শনিবার বিকেল ৫ টায় আলমডাঙ্গা উপজেলা প্রশাসনের উদ্যোগে এ অভিযান পরিচালনা করা হয়।

অভিযান সূত্রে জানাযায়, আলমডাঙ্গা পৌর এলাকার দারুস সালাম

প্রাঙ্গণের কলেজ মোড়ে অবস্থিত মডার্ণ ডেন্টাল সার্জারী । দীর্ঘদিন যাবৎ মডার্ন ডেন্টাল সার্জারীর চেম্বারে চিকিৎসা সেবা দিচ্ছে ঢাকা ডেন্টাল মেডিকেল হসপিটালের ওরাল এন্ড ম্যাক্সিলোফেসিয়াল সার্জারি বিভাগের সহকারী অধ্যাপক ডা. আব্দুল হান্নান।

গত (২৪ শে নভেম্বর) বৃহস্পতিবার রাতে উপজেলার পাইকপাড়া গ্রামের ব্যাংক কর্মচারীর চিকিৎসার অব্যবস্থাপনার কারণে মৃত্যুর অভিযোগ ওঠে। এমন অভিযোগের ভিত্তিতে আলমডাঙ্গা উপজেলা প্রশাসন ও জেলা সিভিল সার্জনের প্রতিনিধি ওই প্রতিষ্ঠানে ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করেন।

এসময় উপস্থিত ছিলেন আলমডাঙ্গা উপজেলা নির্বাহী অফিসার রনি আলম নুর, জেলা সিভিল সার্জনের প্রতিনিধি চুয়াডাঙ্গা সদর প.প. কর্মকর্তা ডা. আউলিয়ার রহমান, আলমডাঙ্গা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের প.প. কর্মকর্তা হাদি জিয়াউদ্দিন আহমেদ।

অভিযান পরিচালনার সময় এক রুমে ৫টি অপারেশন থিয়েটার থাকার অপরাধে অনির্দিষ্টকালের জন্য অপারেশন থিয়েটার সিলগালা করেছে উপজেলা প্রশাসন।

মুজিবনগরের শুন্য রেখায় স্বজনের মরদেহ দেখানোর ব্যবস্থা করলো বিজিবি-বিএসএফ

মেহেরপুরের মুজিবনগর সীমান্তের শুন্য রেখায় বাংলাদেশী স্বজনদেরকে ভারতীয় নাগরিকের মরদেহ দেখানোর ব্যবস্থা করলো বিজিবি-বিএসএফ। শনিবার দুপুর ২টার সময় রিখ সীমান্তের মেইন পিলার ১০৫ এর নিকট শুন্যলাইনে সৌহার্দ্য ও শান্তিপূর্ণ ভাবে লাশ দেখানোর ব্যবস্থা করা হয়।

মুজিবনগর বিজিবি ক্যাম্প কমাণ্ডার শহিদ শেখ ও বিএসএফ এর হৃদয়

ক্যাম্প কমাণ্ডার তরুণ কুমার শর্মার নেতৃত্বে উভয় বাহিনীর দুটি টিম এ শুন্য রেখায় উপস্থিত ছিলেন। এসময় বাগোয়ান ইউনিয়নের ইউপি সদস্য সেবাস্তিন মল্লিক উপস্থিত ছিলেন।

বিজিবি জানায়, ভারতের নদীয়া জেলার চাপড়া থানা হৃদয়পুর গ্রামের সুকৃতি মণ্ডল ৩৫ বছর আগে বিবাহসূত্রে ভারতের হৃদয়পুরে বসবাস করছেন। তিনি দির্ঘদিন ধরে রোগে ভুগছিলেন। গত শুক্রবার সন্ধ্যায় সাড়ে ৬টার দিকে তিনি মারা যান। তার মৃত্যুর খবর পেয়ে মুজিবনগর উপজেলার ভবেরপাড়া গ্রামের তার ভাই প্রভুদান হালসোনা স্থানীয় ইউপি সদস্য সেবাস্তিন মল্লিকের মাধ্যমে বিজিবির কাছে আবেদন করেন। বিজিবি আবেদন পেয়ে বিএসএফকে লাশ দেখানোর ব্যবস্থা করার জন্য পত্র দেয়। উভয় সীমান্তরক্ষী বাহিনীর সম্বন্বয়ে শনিবার দুপুরে শুন্য রেখায় স্বজনদের লাশ দেখানোর ব্যবস্থা করা হয়।

স্থানীয় ইউপি সদস্য সেবাস্তিন মল্লিক বলেন, সৃকুতি মণ্ডল আমার ফুফু হন। মৃত্যুর খবর জানতে পেরে আমরা বিজিবির কাছে মরদেহ দেখার আবেদন জানায়। বিজিবি আমাদের আবেদনে সাড়া দিয়ে বিএসএফ সাথে সমন্বয় করে মরদেহ দেখানোর ব্যবস্থা করেছেন। আমরা উভয়দেশেরে সীমান্তবর্তী বিজিবি ও বিএসফকে ধন্যাবাদ জানান।

সুকৃতি মণ্ডলের বোনের ছেলে ভারতীয় নাগরিক জুম্মত শেখ বলেন, মাসির লাশ তার ভাই বোনদের দেখাতে পেরে আমরা খুবি খুশি।

চুয়াডাঙ্গা বিজিবি ব্যাটালিয়নের অধিনায়ক শাহ মো: ইশতিয়াক, পিএসসি বলেন, দুই দেশের সীমন্তবর্তী মানুষের সম্পর্ক উন্নয়ন, অপরাধ প্রবণতা কমাতে বিজিবি-বিএসএফ এর এ ধরণের মানবিক কার্যক্রম গ্রহণ করা হয়েছে। ফলে দুদেশের সীমান্তবর্তী মানুষের মাঝে অপরাধ প্রবণতা কমাসহ পারস্পরিক সৌহাদ্যপূর্ণ সম্পর্ক বজায় থাকবে।

মেহেরপুরে বিএনপি সমর্থিত

আইনজীবী পরিষদের সংখ্যাগরিষ্ঠতা লাভ

মেহেরপুর জেলা আইনজীবী সমিতির নির্বাচনে বিএনপি সমর্থিত জাতীয়তাবাদী আইনজীবী পরিষদ থেকে সভাপতিসহ ১২টি পদে বিজয়ী হয়েছে। সাধারণ সম্পাদকসহ ৩টি পদে বিজয়ী হয়েছেন আওয়ামী লীগ সমর্থিত বঙ্গবন্ধু আওয়ামী আইনজীবী ফোরাম থেকে।

সভাপতি পদে বিএনপি সমর্থিত কামরুল ইসলাম ৬১ ভোট পেয়ে নির্বাচিত হয়েছেন। তার নিকটতম প্রতিদ্বন্দী আওয়ামী লীগ সমর্থিত মিয়াজান আলী ৪৮ ভোট পেয়ে পরাজিত হয়েছেন। সাধারণ সম্পাদক পদে আওয়ামী লীগ সমর্থিত খ.ম ইমতিয়াজ বিন হারুন (জুয়েল) ৫৬ ভোট পেয়ে নির্বাচিত হয়েছেন। তার নিকটতম প্রার্থী বিএনপি সমর্থিত এ এস এম সাইদুর রাজ্জাক ৫৩ ভোট পেয়ে পরাজিত হয়েছেন।

আজ শুক্রবার সন্ধ্যায় মেহেরপুর জেলা আইনজীবী সমিতির বার্ষিক নির্বাচন পরিচালনা কমিটির আহবায়ক অ্যাড. বিমল কুমার বিশ্বাস ফলাফল ঘোষনা করেন। এসময় নির্বাচন পরিচালনা কমিটির সদস্য অ্যাড. সুজন কুমার মণ্ডল ও শফিউদ্দিন উপস্থিত ছিলেন।

অন্যান্য পদের মধ্যে বিএনপি সমর্থিত সহসভাপতি পদে রফিকুল ইসলাম ৬০ ভোট, হাসান মাহাবুবুর রহমান মুকুল ৫৩ ভোট, যুগ্ম সম্পাদক পদে রফিকুল ইসলাম-২ ৬২ ভোট, কোষাধাক্ষ পদে এহান উদ্দিন মনা ৫৪ ভোট, গ্রন্থাগার ও সাংস্কৃতিক সম্পাদক পদে সাইফুল ইসলাম সাহেব ৫৯ ভোট, সদস্য পদে মখলেছুর রহমান খান স্বপন ৬৬ ভোট, সেলিম রেজা ৫৫ ভোট, শফিবুল আযম খান বকুল ৬১ ভোট, সেলিম রেজা গাজী ৬০ ভোট, খুরশিদা খাতুন ৫৪ ভোট ও সেলিম রেজা কল্লোল ৬২ ভোট পেয়ে নির্বাচিত হয়েছেন।

আওয়ামী লীগ সমর্থিত যুগ্ম সম্পাদক পদে কে এম নুরুল ইসলাম রঞ্জু ৫২ ভোট, ফয়সাল নাসরুল্লাহ কনক ৫৯ ভোট পেয়ে নির্বাচিত হয়েছেন।

এদিকে, সকাল ৯টায় নির্বাচন শুরু হয়ে দুপুরে মধ্যহৃ ভোজ ও নামাযের বিরতি দিয়ে বিকাল ৪টা পর্যন্ত ভোট গ্রহণ অনুষ্ঠিত হয়। ১৫টি পদের বিপরীতে দুটি প্যানেলে ৩০ জন প্রার্থী প্রতিদ্বন্দীতা করেন। ১২৬ জন ভোটারের মধ্যে ১১১ জন ভোটাধিকার প্রয়োগ করেন। নির্বাচন উপলক্ষে আইনজীবী ভবন প্রাঙ্গনে উৎসবের আমেজ সৃষ্টি হয়।